

# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## Std-II

### বচন

### Worksheet Answer Key

১। নীচের বাক্যের দাগ দেওয়া শব্দগুলির বচন পরিবর্তন কর:

ক) আমি একটি নক্ষত্র দেখেছি।

উত্তর: আমি নক্ষত্রপুঞ্জ দেখেছি।

খ) কৃষক মাঠে ফসল বোনে।

উত্তর: কৃষকেরা মাঠে ফসল বোনে।

গ) পুরোহিত মণ্ডপে মণ্ডপে দুর্গাপূজা করবেন।

উত্তর: পুরোহিতেরা মণ্ডপে মণ্ডপে দুর্গাপূজা করবেন।

ঘ) শিল্পী মঞ্চে অনুষ্ঠান করছেন।

উত্তর: শিল্পীবর্গ মঞ্চে অনুষ্ঠান করছেন।

ঙ) বর্তমান যুগে দূষণের জন্য মনুষ্য বিপদের সম্মুখীন হচ্ছে।

উত্তর: বর্তমান যুগে দূষণের জন্য মনুষ্যকুল বিপদের সম্মুখীন হচ্ছে।

২। সঠিক বচন প্রয়োগ করে শূন্যস্থান পূরণ করো:

(শৈবালদাম, কবিতা, বাড়িখানা, বালিকারা)

ক) শৈবালদাম জলে ভেসে বেড়ায়।

খ)রাম তার বিদ্যালয়ের অনুষ্ঠানে সুন্দর একটি কবিতা পাঠ করেছিলেন।

গ) বালিকারা দল বেঁধে বিদ্যালয়ে যাচ্ছে।

ঘ) বাড়িখানা ভারী সুন্দর।

৩। সঠিক বচনের উপর (✓)টিক চিহ্ন দাও:

✓  
ক)বিদ্যালয়ে ছাত্র/ছাত্রদের সমাগম হয়েছে।

✓  
খ)বাগানের ফুল/ফুলগুলো খুব সুন্দরভাবে সজ্জিত রয়েছে।